

ফিচার

তিন বছর ধরে তালাবদ্ধ ৮২ কোটি টাকার শান্তিনিবাস, ঠাঁই হয়নি কোনো প্রবীণের

প্রতিবেদক: ফিচার ডেস্ক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০৯:৪৩ AM



৮২ কোটি টাকা খরচে দেশের আট জেলায় গড়ে তোলা হয়েছে দৃষ্টিহীন-অসহায় প্রবীণদের আশ্রয় ‘শান্তিনিবাস’। প্রতিটি তিনতলা ভবনে লিফট, জিম, প্রার্থনাকক্ষসহ রয়েছে আধুনিক সব সুবিধা। কিন্তু জাঁকজমকপূর্ণ উদ্বোধনের প্রায় তিন বছর পরও এখানে মেলেনি কোনো প্রবীণের ঠাঁই।

আজ ১ অক্টোবর, আন্তর্জাতিক প্রবীণ দিবস। এ বছরের প্রতিপাদ্য ‘দীর্ঘ জীবনের জন্য নতুন ভাবনা’। অথচ প্রবীণদের জন্য কেনা কোটি টাকার আসবাব এখন ধুলার নিচে বন্ধি। ময়মনসিংহে ছাদের পানি পড়ে নষ্ট হচ্ছে খাট-আলমারি। লালমনিরহাটে বিল বাকি থাকায় কাটা পড়েছে বিদ্যুতের লাইন। রাজশাহীর নিবাস ব্যবহৃত হচ্ছে সিনেমার শুটিং স্পট হিসেবে!

গোপালগঞ্জ, সুনামগঞ্জ কিংবা খুলনার চিত্রও একই। শুধু জনবল আর পরিচালন বাজেটের অভাবে বন্ধ প্রবীণদের এই নিরাপদ ঘর।

সমাজসেবা অধিদপ্তর বলছে, দ্রুতই শুরু হবে লোকবল নিয়োগের কাজ।

আটটি ভবনে ২০০ প্রবীণের থাকার সুযোগ রয়েছে। কিন্তু সুবিশাল দরজায় তালা ঝুলছে আজও। কবে খুলবে শান্তিনিবাসের দুয়ার, প্রবীণদের সেই অপেক্ষার কি ইতি ঘটবে?

এ বিভাগের আরও খবর



ঘূর্ণিঝড় কীভাবে সৃষ্টি হয়, কোন ক্যাটাগরি বেশি ধ্বংসাত্মক?
সাগরের শান্ত পানি হঠাৎ চঞ্চল। বদলে যায় বাতাসের মেজাজ। এর পেছনে সবচেয়ে বড় খলনায়ক সমুদ্রের গরম পানিকেমপক্ষে ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা। যখন...



সাপে কামড়ালে কী করবেন, কী করা যাবে না
অন্ধকার রাত। পথ ধরে হেঁটে হেঁটে বাড়ি যাচ্ছেন। ঘাসের ওপর বসবস শব্দ। কিছু বোকার আগেই মুহূর্তে পায়ে ছোবল দিল এক বিষধর সাপ।গ্রামের হাটে বা মার্কেট...



৫১০০ মিটার উচ্চে সোনার আশায় মানুষের বসতি
মেঘের ওপরে এক শহর। চারদিকে বরফতাকা পাহাড়। তীব্র ঠান্ডা। বাতাসও পাতলা। সেখানে স্বাভাবিকভাবে শ্বাস নেওয়াটাই যেন এক লড়াই। সমুদ্রপৃষ্ঠ থেকে প্রা...



পর্যটক যায় হাতে পোনা, মাছেই চলে জীবন। অস্তিত্বের লড়াইয়ে টুতালু
চারিদিকে সীমাহীন নীল জলরাশি। মাঝখানে ছোট্ট এক টুকরো নির্জনতা। মানচিত্রের পাতায় আতশকাচ দিয়ে ঝুঁজলেও যাকে সহজে
চোখে পড়ে না। প্রশান্ত মহাসাগরের...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/features/tin-bchhr-dhre-talabddh-82-koti-takar-shantinibas-thani-hyni-kono-prbiner>